মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৯/২০২০ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮, ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. পৌরসভার আওতায় বিভিন্ন অবকাঠামো নির্মাণ কাজে নারী শ্রমিকের অগ্রাধিকার প্রদান ও তাদের ন্যায্য মজুরী নিশ্চিৎকরণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ১৯/০৮/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
পৌরসভার আওতায় বিভিন্ন অবকাঠামো নির্মাণ কাজে নারী শ্রমিকের অগ্রাধিকার প্রদান ও তাদের ন্যায্য মজুরী নিশ্চিৎকরণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভায় রাস্তা, ড্রেনসহ অন্যান্য অবকাঠামো উন্নয়নের কাজ নিয়মিত হয়। এই সমস্ত কাজে পুরুষ শ্রমিকের পাশাপাশি নারী শ্রমিকের কাজ করা কথা। কিন্তু বাস্তবে দেখা যায়, নারী শ্রমিকের পরিমাণ কম। এহেন পরিস্থিতিতে নারী শ্রমিকের অংশগ্রহণ বাড়ানোসহ তাদের ন্যায্য মজুরী নিশ্চিত করণের জন্য ব্যবস্থা নেওয়া উচিত। তিনি এই ব্যাপারে মেয়র মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, ইতি পূর্বে তিনি পৌরসভায় নিয়োজিত সকল ঠিকাদারকে কমপক্ষে ২০% নারী শ্রমিক রাখা জন্য নির্দেশনা দিয়েছেন। তবে ঠিকাদারগণ তাকে জানিয়েছে নারী শ্রমিকের কাজের জন্য মেহেরপুরে কিছু সমস্যা রয়েছে। এখানে ইমারত শ্রমিক হিসেবে নারীরা কাজ করতে অভ্যস্ত নয়। এর পরেও তারা নারী শ্রমিকদের অগ্রধিকার ভিত্তিতে নিয়োগ করে থাকেন। প্রতিটি কাজের	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	সাইডেই নারী শ্রমিক রয়েছে। তিনি সভায় আরোও বলেন, পুরুষদের পাশাপাশি নারী শ্রমিকেরাও যাতে সম কাজে সম মজুরী পায় সে নির্দেশনাও দেওয়া আছে। তিনি এই কমিটির সকলের প্রতি আহবান জানান বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য। এছাড়া শুধু পৌরসভাতেই নয় যে কোন প্রতিষ্ঠানেই নারীদের কর্মক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গিকারের কথা স্বরণ করে বলেন, সকল ক্ষেত্রে নারীদের সমান অধিকার নিশ্চিত করতে হবে। তিনি বলেন, বর্তমান পরিষদের সময় পৌরসভায় ৪ জন নিয়োগ দেওয়া হয়, এর মধ্যে ২ জন পুরুষ ও ২ জন মহিলা।	
বিবিধ	এই কমিটির সদস্য জনাব মোছাঃ হাসিনা খাতুন, সভায় বলেন, করোনা ভাইরাস এর প্রভাবে বর্তমানে মানুষ খুবই বিপর্যয়ের মধ্যে রয়েছে। নারী ও শিশুরাও এর বাইরে নয়। বিশেষ করে স্কুলের বাচ্চারা আরোও সমস্যার মধ্যে রয়েছে। স্কুল বন্ধ থাকায় ঘরে থাকতে থাকতে এরা বিকার গ্রস্থ হয়ে পড়ছে। কিন্তু মেহেরপুরে একটু খোলা যায়গা বা পার্ক নেই যেখানে বাচ্চারা একটু নির্মল বাতাস পেতে পারে। এব্যাপারে আমাদের সচেষ্ঠ হতে হবে। মেয়র মহোদয় বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ ও দরকারী। তিনি বলেন, এ ব্যাপারে ইতি পূর্বে বিভিন্ন ফোরামে তিনি অনেক বলেছে এবং একটি পার্ক বা বাচ্চাদের খেলার একটি যায়গার জন্য তিনি অনেক চেষ্ঠা করেছেন। তিনি বলেন, আশার কথা হচ্ছে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতি করণ প্রকল্পের আওতায় মেহেরপুর পৌর গড় পুকুরকে আধুনিকায়ন করা হচ্ছে। ইতি মধ্যে টেন্ডার আহবান করা হয়েছে। খুব তাড়াতাড়িই কাজ হবে। এটি নির্মিত হলে অধুনিক একটি বিনোদন কেন্দ্র হবে এটি। এখানে বাচ্চাদের ও বড়দের সকলের জন্য বিনোদনের ব্যবস্থা থাকবে। তিনি সকলকে এ ব্যাপারে সহযোগিতা করার জন্য বলেন।	পৌর পরিষদ

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।
২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৯/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	24/09/20
৮	মোঃ আমিরুল ইসলাম	LeDA	24-9-20
৯			